গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১১৯-আইন/২০১৩।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে কোন করদাতার আয়ের ঐ পরিমাণকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল যে পরিমাণ আয় উক্ত করদাতা সাভারস্থ 'রানা প্লাজা' নামীয় ভবন ধ্বসে সৃষ্ট দুর্যোগ মোকাবেলার উদ্দেশ্যে 'এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষের অনুকূলে' বা 'সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অন্য কোন তহবিলে' ইতোমধ্যে দান বা অনুদান করিয়াছেন বা করিবেন, যথা:-

শর্তাবলী

(ক) 'এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ' বা 'সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অন্য কোন তহবিল' প্রচলিত বিধি-বিধান অনুসারে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থাপনায় পরিচালিত হইতে হইবে;

(খ) প্রাপ্ত দান বা অনুদানের খাতওয়ারী হিসাব সংরক্ষণ করিতে হইবে;

(গ) প্রাপ্ত দান বা অনুদান ব্যয়ের পর উদ্বৃত্ত অর্থ, যদি থাকে, প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে স্থানান্তরিত হইবে; এবং

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

2013

(ঘ) প্রাপ্ত দান বা অনুদান কেবল সাভারস্থ 'রানা প্লাজা' নামীয় ভবন ধ্বসে সর্বাত্মক সেবা, চিকিৎসা ও আনুষঙ্গিক প্রয়োজনীয় সেবামূলক সকল কার্যক্রম পরিচালনায় ব্যয়িত হইবে।

২। দফা ১ এ উল্লিখিত উদ্দেশ্যে ২৪ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ হইতে ৩০ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রদত্ত দান বা অনুদান এই প্রজ্ঞাপনের অধীনে কর অব্যাহতি সুবিধা পাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ বশির উদ্দিন আহমেদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner